470 mm X 125 mm

Breon® Acucap

Vilanterol Trifenatate INN + Fluticasone Furoate BP

Dry Powder Inhaler

Composition

Breon® Acucap 25/50 Inhaler: Each Acucap capsule contains Vilanterol 25 mcg as Vilanterol Trifenatate INN and Fluticasone Furoate BP 50 mcg.
Breon® Acucap 25/100 Inhaler: Each Acucap capsule contains Vilanterol 25 mcg as Vilanterol Trifenatate INN and Fluticasone Furoate BP 100 mcg.
Breon® Acucap 25/200 Inhaler: Each Acucap capsule contains Vilanterol 25 mcg as Vilanterol Trifenatate INN and Fluticasone Furoate BP 200 mcg.

Pharmacology

Breon® Acucap is a preparation of Vilanterol and Fluticasone Furoate.
Vilanterol is a LABA. The pharmacologic effects of beta₂-adrenoceptor agonist drugs, including Vilanterol, are at least in part attributable to stimulation of intracellular adenyl cyclase, the enzyme that catalyzes the conversion of adenosine triphosphate (ATP) to cyclic 3',5' adenosine monophosphate (cyclic AMP). Increased cyclic AMP levels cause relaxation of bronchial smooth muscle and inhibition of release of mediators of immediate hypersensitivity from cells, especially from mast cells. Fluticasone Furoate is a synthetic trifluorinated corticosteroid with anti-inflammatory activity. Corticosteroids have been shown to have a wide range of actions on multiple cell types and mediators involved in inflammation. Specific effects of Fluticasone Furoate demonstrated in *in vitro* and *in vivo* models included activation of the glucocorticoid response element, inhibition of pro-inflammatory transcription factors such as NFkB. These anti-inflammatory actions of corticosteroids may contribute to their efficacy.

Indication

Breon® Acucap is indicated for-
- Maintenance treatment of COPD
- Maintenance treatment of asthma in patients aged 5 years and older

Breon® Acucap is not indicated for the relief of acute bronchospasm.

Dose and administration

Route of administration: **Breon® Acucap** should be administered by the orally inhaled route only.

Special instruction: Breon® Acucap should be used at the same time every day. Do not use **Breon® Acucap** more than 1 time every 24 hours. After inhalation, the patient should rinse the mouth with water without swallowing to reduce the risk of oropharyngeal candidiasis. Acucap must not be swallowed. Only to be used with aculizer.

Chronic obstructive pulmonary disease: Breon® Acucap 25/100 should be administered as 1 inhalation once daily. The maximum recommended dose is 1 inhalation of **Breon® Acucap** 25/100 once daily, the only strength indicated for the treatment of COPD. If shortness of breath occurs in the period between doses, an inhaled, short acting beta₂-agonist (rescue medicine, e.g., albuterol) should be taken for immediate relief.

Asthma: For adult patients aged 18 years and older the recommended starting dose is **Breon® Acucap** 25/100 or **Breon® Acucap** 25/200 administered as 1 inhalation once daily. The maximum recommended dose is 1 inhalation of **Breon® Acucap** 25/200 once daily. For patients who do not respond adequately to **Breon® Acucap** 25/100, increasing the dose to **Breon® Acucap** 25/200 may provide additional improvement in asthma control. If asthma symptoms arise in the period between doses, an inhaled, short acting beta₂-agonist (rescue medicine, e.g., albuterol) should be taken for immediate relief.

For children aged 12 to 17 years, the recommended dose is **Breon® Acucap** 25/100 administered as 1 inhalation once daily.

For children aged 5 to 11 years, the recommended dose is **Breon® Acucap** 25/50 administered as 1 inhalation once daily.

Geriatric use: No adjustment of the dosage of this combination in geriatric patients is necessary, but greater sensitivity in some older individuals cannot be ruled out.

Hepatic impairment: Use this combination with caution in patients with moderate or severe hepatic impairment.

Renal impairment: No dosage adjustment is required in patients with renal impairment.

Contraindication

This combination is contraindicated in patients with known hypersensitivity to vilanterol and fluticasone furoate or any components of this product. It is also contraindicated in patients with primary treatment of status asthmaticus or other acute episodes of COPD or asthma where intensive measures are required.

Warning and precaution

LABA monotherapy increases the risk of serious asthma related events. Do not initiate in acutely deteriorating COPD or asthma. Do not use to treat acute symptoms. Do not use in combination with an additional medicine containing a LABA because of risk of overdose. Increased risk of pneumonia in patients with COPD. Monitor patients for signs and symptoms of pneumonia. Potential worsening of infections (e.g., existing tuberculosis; fungal, bacterial, viral, or parasitic infections; ocular herpes simplex). Use with caution in patients with these infections. More serious or even fatal course of chickenpox or measles can occur in susceptible patients. There is risk of impaired adrenal function when transferring from systemic corticosteroids. Taper patients slowly from systemic corticosteroids if transferring to this combination. Hypercorticism and adrenal suppression may occur with very high doses or at the regular dose in susceptible individuals. If such changes occur, discontinue this combination slowly. If paradoxical bronchospasm occurs, discontinue this combination and institute alternative therapy. Use with caution in patients with cardiovascular disorders because of beta-adrenergic stimulation. Assess for decrease in bone mineral density initially and periodically thereafter. Glaucoma and cataracts may occur with long term use of ICS. Consider referral to an ophthalmologist in patients who develop ocular symptoms or use this combination long term. Use with caution in patients with convulsive disorders, thyrotoxicosis, diabetes mellitus and ketoacidosis. Increased blood glucose levels have been reported. Also, be alert to hypokalemia.

Side effects

Most common side effects are nasopharyngitis, upper respiratory tract infection, headache, oral candidiasis, back pain, pneumonia, bronchitis, sinusitis, cough, oropharyngeal pain, arthralgia, hypertension, influenza, pharyngitis, dysphonia and pyrexia.

Use in pregnancy and lactation

Pregnancy: There are insufficient data on the use of this combination in pregnant women. Pregnant women should be closely monitored and medication adjusted as necessary to maintain optimal control of asthma. Because of the potential for beta-agonist interference with uterine contractility, use of this combination during labor should be restricted to those patients in whom the benefits clearly outweigh the risks.

Lactation: There is no information available on the presence of fluticasone furoate or vilanterol in human milk, the effects on the breastfed child or the effects on milk production. Low concentrations of other ICS have been detected in human milk. The developmental and health benefits of breastfeeding should be considered along with the mother's clinical need for this combination and any potential adverse effects on the breastfed child from fluticasone furoate or vilanterol or from the underlying maternal condition.

Use in children and adolescents

The safety and effectiveness in children below 5 years of age have not been established.

Drug interaction

Drug interaction with medication: When used with strong cytochrome P450 3A4 inhibitors (e.g., ketoconazole), it may cause systemic corticosteroid and cardiovascular effects. When used with monoamine oxidase inhibitors and tricyclic antidepressants, use with extreme caution because it may potentiate effect of vilanterol on vascular system. Use cautiously when used with beta-blockers, because it may block bronchodilatory effects of beta-agonists and produce severe bronchospasm. Electrocardiographic changes and/or hypokalemia associated with non-potassium sparing diuretics may worsen with concomitant beta-agonists.
Drug interaction with food and others: Not applicable.

Overdose

In case of overdose discontinuation of this combination together with institution of appropriate symptomatic and/or supportive therapy should be initiated. The judicious use of a cardioselective beta receptor blocker may be considered, bearing in mind that such medicine can produce bronchospasm. Cardiac monitoring is recommended in cases of overdose.

Storage

Store in a cool (below 25°C) and dry place protected from light. Keep away from the reach of children.

Packing

Breon® Acucap 25/50 Inhaler: Carton of 30 Acucap capsules in blister pack.
Breon® Acucap 25/100 Inhaler: Carton of 30 Acucap capsules in blister pack.
Breon® Acucap 25/200 Inhaler: Carton of 30 Acucap capsules in blister pack.

® Registered Trade Mark

Advanced Chemical Industries PLC.
7, Hajeegonj Road, Godnyl
Narayanganj, Bangladesh

ব্রিয়ন® এ্যাকুক্যাপ

ভিলানটেরল ট্রাইফিনাটেট আইএনএন + ফ্লুটিকাসন ফিউরোয়েট বিপি

ড্রাই পাউডার ইনহেলার

উপাদান

ব্রিয়ন ® এ্যাকুক্যাপ ২৫/৫০ ইনহেলারঃ প্রতি এ্যাকুক্যাপ ক্যাপসুলে আছে ভিলানটেরল ট্রাইফিনাটেট আইএনএন হিসাবে ভিলানটেরল ২৫ মাইক্রোগ্রাম এবং ফ্লুটিকাসন ফিউরোয়েট বিপি ৫০ মাইক্রোগ্রাম।
ব্রিয়ন ® এ্যাকুক্যাপ ২৫/১০০ ইনহেলারঃ প্রতি এ্যাকুক্যাপ ক্যাপসুলে আছে ভিলানটেরল ট্রাইফিনাটেট আইএনএন হিসাবে ভিলানটেরল ২৫ মাইক্রোগ্রাম এবং ফ্লুটিকাসন ফিউরোয়েট বিপি ১০০ মাইক্রোগ্রাম।
ব্রিয়ন ® এ্যাকুক্যাপ ২৫/২০০ ইনহেলারঃ প্রতি এ্যাকুক্যাপ ক্যাপসুলে আছে ভিলানটেরল ট্রাইফিনাটেট আইএনএন হিসাবে ভিলানটেরল ২৫ মাইক্রোগ্রাম এবং ফ্লুটিকাসন ফিউরোয়েট বিপি ২০০ মাইক্রোগ্রাম।

ফার্মাকোলজি

ব্রিয়ন ® এ্যাকুক্যাপ হচ্ছে ভিলানটেরল ও ফ্লুটিকাসন ফিউরোয়েট দ্বারা তৈরি। ভিলানটেরল হলো একটি এলএবিএ। এডেনোসিন ট্রাইফসফেটকে (এটিপি) সাইক্লিক ৩',৫' এডেনোসিন মনোফসফেট (সাইক্লিক এএমপি) এ রূপান্তরকারী বিক্রিয়ার প্রভাবক আন্তঃকোষীয় এডেনাইল সাইক্লেজকে উদ্দীপিত করার মাধ্যমে ভিলানটেরলঃ বিটা₂-এড্রেনোসেপ্টর এগোনিস্ট ওষুধসমূহ কাজ করে থাকে। অধিক মাত্রায় সাইক্লিক এএমপি প্রক্কিয়াল মসৃণ পেশীকে শিথিল করে এবং মাস্ট কোষসহ অন্যান্য কোষ থেকে তাৎক্ষণিক সংবেদনশীলতা সৃষ্টিকারী মিডিয়েটরগুলোর নিঃসরণ প্রতিরোধ করে। ফ্লুটিকাসন ফিউরোয়েট একটি সিন্থেটিক ট্রাইফ্লুরিনেটেড কর্টিকোস্টেরয়েড যেটির প্রদাহবিরোধী বৈশিষ্ট্য রয়েছে। প্রদাহ সংশ্লিষ্ট কোষ ও মিডিয়েটরের উপর কর্টিকোস্টেরয়েডের প্রভাব রয়েছে। ফ্লুটিকাসন ফিউরোয়েটের নির্দিষ্ট প্রভাবের মধ্যে রয়েছে গ্লুকোকর্টিকয়েডের প্রতি প্রতিক্রিয়াশীল উপাদানকে সক্রিয়করণ এবং এনএফকেবি এর মতো প্রদাহ সংশ্লিষ্ট ট্রান্সক্রিপশন ফ্যাক্টরগুলোকে প্রতিরোধকরণ। কর্টিকোস্টেরয়েড এই প্রদাহবিরোধী কার্যাবলীর মাধ্যমে এর প্রভাব রেখে থাকে।

নির্দেশনা

ব্রিয়ন ® এ্যাকুক্যাপ নিম্নলিখিত ক্ষেত্রে নির্দেশিত-
- সিওপিডি (COPD) এর মেইন্টেন্যান্স চিকিৎসায়
- ৫ বছর বা তার বেশি বয়সের রোগীদের ক্ষেত্রে হাঁপানির মেইন্টেন্যান্স চিকিৎসায়

ব্রিয়ন ® এ্যাকুক্যাপ তীব্র ব্রঙ্কোস্পাজম নিরসনে নির্দেশিত নয়।

সেবনমাত্রা ও প্রয়োগবিধি

ওষুধ গ্রহণের পথঃ **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ওরালি ইনহেলড পথে গ্রহণ করা হয়।

বিশেষ নির্দেশনাঃ প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ব্যবহার করা উচিত। ২৪ ঘণ্টায় এক বারের বেশি **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ব্যবহার করা যাবে না। ওরোফ্যারিঞ্জিয়াল ক্যান্ডিডিয়াসিসের ঝুঁকি হ্রাসের জন্য ইনহেলেশনের পর পানি দিয়ে মুখ কুলি করে নিতে হবে। কুলি করা পানি গলাধঃকরণ করা যাবে না। এ্যাকুক্যাপ মুখে খাওয়া যাবে না। কেবলমাত্র এ্যাকুলাইজারের মাধ্যমেই নিতে হবে।

ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারী ডিজিজঃ প্রতিদিন একবার **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/১০০ এর একটি ইনহেলেশন গ্রহণ করতে হবে। সিওপিডির চিকিৎসায় **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/১০০ এর দৈনিক সর্বোচ্চ মাত্রা হচ্ছে একটি ইনহেলেশন দিনে ১ বার। দুটি মাত্রার মধ্যে শ্বাসকষ্ট দেখা দিলে, তাৎক্ষণিক মুক্তির জন্য একটি ইনহেলড, দ্রুত কার্যকরী বিটা₂-এগোনিস্ট (রেসকিউ ওষুধ যেমন- এলবিউটেরল) ব্যবহার করতে হবে।

হাঁপানিঃ ১৮ বছর বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে নির্দেশিত প্রারম্ভিক মাত্রা হচ্ছে **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/১০০ বা **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/২০০ এর একটি ইনহেলেশন দিনে ১ বার। সর্বোচ্চ মাত্রা **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/২০০ এর একটি ইনহেলেশন দিনে ১ বার। যে সকল রোগীর ক্ষেত্রে **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/১০০ পর্যাপ্ত প্রতিক্রিয়া সৃষ্টি করে না, তাদের ক্ষেত্রে **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/২০০ পর্যন্ত মাত্রা বৃদ্ধির মাধ্যমে হাঁপানি নিয়ন্ত্রণে উপকারিতা পাওয়া যেতে পারে। দুটি মাত্রার মধ্যে যদি হাঁপানির লক্ষণ দেখা দেয়, তবে তাৎক্ষণিক মুক্তির জন্য একটি ইনহেলড, দ্রুত কার্যকরী বিটা₂-এগোনিস্ট (রেসকিউ ওষুধ যেমন- এলবিউটেরল) ব্যবহার করতে হবে।

১২ থেকে ১৭ বছর বয়সের শিশুদের ক্ষেত্রে নির্দেশিত মাত্রা **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/১০০ একটি ইনহেলেশন দিনে ১ বার।

৫ থেকে ১১ বছর বয়সের শিশুদের ক্ষেত্রে নির্দেশিত মাত্রা **ব্রিয়ন ® এ্যাকুক্যাপ** ২৫/৫০ একটি ইনহেলেশন দিনে ১ বার।

বয়স্কদের ক্ষেত্রেঃ বয়স্কদের ক্ষেত্রে এই কম্বিনেশনের মাত্রা সমন্বয়ের কোন প্রয়োজন নাই। তবে কিছু বয়স্কদের ক্ষেত্রে অধিক সংবেদনশীলতার সম্ভাবনা রয়েছে।

যকৃতের অকার্যকারিতায়ঃ মাঝারি বা মারাত্মক মাত্রার যকৃতের অকার্যকারিতায় এই কম্বিনেশনটি সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

বৃক্কের অকার্যকারিতায়ঃ বৃক্কের অকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে কোন মাত্রা সমন্বয়ের প্রয়োজন নাই।

প্রতিনির্দেশনা

যাদের ভিলানটেরল, ফ্লুটিকাসন ফিউরোয়েট বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এই কম্বিনেশনটি প্রতিনির্দেশিত। এছাড়াও স্ট্যাটাস অ্যাজম্যাটিকাস বা সিওপিডি বা হাঁপানির তীব্র সংক্রমণের রোগীদের ক্ষেত্রে যেখানে জরুরী ব্যবস্থাপনার প্রয়োজন রয়েছে সেখানে এটি প্রতিনির্দেশিত।

সাবধানতা ও সচেতনতা

এলএবিএ দ্বারা একক থেরাপির ক্ষেত্রে হাঁপানি সংশ্লিষ্ট মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টির ঝুঁকি বৃদ্ধি পায়। যে সকল সিওপিডি বা হাঁপানি রোগীর অবস্থার তীব্র অবনতি হচ্ছে তাদের ক্ষেত্রে এটি শুরু করা যাবে না। মারাথিক্যোর ঝুঁকি থাকায় এলএবিএ সমূহ অন্য ওষুধের সাথে একত্রে ব্যবহার করা যাবে না। সিওপিডির রোগীদের ক্ষেত্রে নিউমোনিয়ার ঝুঁকি বৃদ্ধি পায়। নিউমোনিয়ার লক্ষণসমূহের জন্য রোগীদেরকে পর্যবেক্ষণ করতে হবে।
সংক্রমণসমূহের অবনতির সম্ভাবনা রয়েছে (যেমন- আগে থেকে বিদ্যমান যক্ষ্মা; ফাংগাল, ব্যাকটেরিয়াল, ভাইরাল বা প্যারাসাইটিক সংক্রমণ; অকুলার হার্পিস সিমপ্লেক্স)। এ সকল সংক্রমণের রোগীদের ক্ষেত্রে সতর্কতার সাথে ব্যবহার করতে হবে। সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে জল বসন্ত বা হাম এর পরিণতি জটিল হয়ে উঠতে পারে এমনকি মৃত্যু ডেকে আনতে পারে। সিস্টেমিক কর্টিকোস্টেরয়েড থেকে এই ওষুধে বদলের সময় এড্রেনাল অকার্যকারিতার ঝুঁকি সৃষ্টি হয়। সিস্টেমিক কর্টিকোস্টেরয়েড থেকে এই কম্বিনেশনে বদলের সময় ধীরে ধীরে সিস্টেমিক কর্টিকোস্টেরয়েডের মাত্রা হ্রাস করতে হবে। সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে অধিক উচ্চ মাত্রায় বা সাধারণ মাত্রায় ব্যবহারে হাইপারকর্টিসিজম এবং এড্রেনাল সাপ্রেশন হতে পারে। যদি এ রকম হয়ে থাকে, তবে ধীরে ধীরে এই কম্বিনেশনের মাত্রা হ্রাস করে বন্ধ করে দিতে হবে। যদি প্যারাডক্সিক্যাল ব্রঙ্কোস্পাজম দেখা দেয়, তবে এই কম্বিনেশন বন্ধ করে বিকল্প চিকিৎসা দিতে হবে। বিটা₂-এড্রেনার্জিক উদ্দীপনা সৃষ্টি করে বলে কার্ডিওভাসকুলার সমস্যার রোগীদের ক্ষেত্রে সতর্কতার সাথে ব্যবহার করতে হবে। চিকিৎসা শুরুর সময় এবং পরবর্তীতে কিছু দিন পর পর অস্থিতে মিনারালের মাত্রা পরীক্ষা করে দেখতে হবে। দীর্ঘদিন আইসিএস ব্যবহারে গ্লুকোমা ও ছানি দেখা দিতে পারে। যে সকল রোগীর চোখে এ রকম লক্ষণ দেখা দিবে বা যারা এই কম্বিনেশনটি দীর্ঘদিন ব্যবহার করবে তাদেরকে চক্ষু বিশেষজ্ঞের নিকট রেফার করা যেতে পারে। থিয়ুরি সমস্যা, থাইরোটক্সিকোসিস, ডায়াবেটিস মেলিটাস এবং কিটোএসিডোসিসের রোগীদের ক্ষেত্রে সাবধানতার সাথে ব্যবহার করতে হবে। রক্তে গ্লুকোজের মাত্রা বৃদ্ধির ঘটনা পরিলক্ষিত হয়েছে। এছাড়াও হাইপোক্যালেমিয়ার ব্যাপারে সতর্ক থাকতে হবে।

পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো ন্যাসোফ্যারিঞ্জাইটিস, শ্বাসনালীর উপরের অংশের সংক্রমণ, মাথা ব্যথা, মুখে ক্যানডিডিয়াসিস, পিঠে ব্যথা, নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস, সাইনুসাইটিস, কাশি, ওরোফ্যারেঞ্জিয়াল ব্যথা, অস্থিসন্ধিতে ব্যথা, উচ্চরক্তচাপ, ইনফ্লুয়েঞ্জা, ডিস্ফোনিয়া এবং শরীরের তাপমাত্রার বৃদ্ধি।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায়ঃ গর্ভাবস্থায় এই কম্বিনেশনটি ব্যবহারের উপর পর্যাপ্ত তথ্য নাই। গর্ভবতী মহিলাদের নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে এবং হাঁপানি নিয়ন্ত্রণে মাত্রা সমন্বয় করতে হবে। জরায়ুর সংকোচনশীলতায় বিটা-এগোনিস্টের প্রভাব সৃষ্টির সম্ভাবনা থাকায়, প্রসবকালীন সময়ে কেবলমাত্র যে সকল রোগীর ক্ষেত্রে সম্ভাব্য ঝুঁকি অপেক্ষা সম্ভাব্য উপকারিতা বেশি তাদের ক্ষেত্রে এই কম্বিনেশনের ব্যবহার সীমাবদ্ধ রাখতে হবে।

স্তন্যদানকালেঃ মাতৃদুগ্ধে উপস্থিতি, মায়ের দুধ পাচ্ছে এ রকম বাচ্চাদের উপর অথবা দুগ্ধ নিঃসরণের উপর ফ্লুটিকাসন ফিউরোয়েট ও ভিলানটেরলের প্রভাব সম্বন্ধে কোন তথ্য জানা যায়নি। মাতৃদুগ্ধে অন্য আইসিএসগুলো স্বল্প পরিমাণে পাওয়া গেছে। স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে এই ওষুধটি প্রয়োগের সময় বাচ্চার বৃদ্ধি ও স্বাস্থ্যগত উন্নতি, মায়ের জন্য এই কম্বিনেশনের প্রয়োজনীয়তা, মায়ের দুধ পাচ্ছে এমন বাচ্চার ক্ষেত্রে ফ্লুটিকাসন ফিউরোয়েট ও ভিলানটেরলের সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া বা মায়ের পূর্ববর্তী কোন সমস্যার জন্য সৃষ্ট পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা বিবেচনা করতে হবে।

শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

৫ বছরের কম বয়সের শিশুদের ক্ষেত্রে এর নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

ওষুধের প্রতিক্রিয়া

অন্য ওষুধের সাথেঃ শক্তিশালী সাইটোক্রোম P450 3A4 (যেমন- কিটোকোনাজল) এর সাথে একত্রে ব্যবহারে সিস্টেমিক কর্টিকোস্টেরয়েডের মাত্রা বৃদ্ধি পেতে পারে এবং কার্ডিওভাসকুলার সমস্যা সৃষ্টি হতে পারে। ভাসকুলার সিস্টেমের উপর ভিলানটেরলের প্রভাব বৃদ্ধির সম্ভাবনা থাকায় মনোঅ্যামাইন অক্সিডেজ ইনহিবিটরস ও ট্রাইসাইক্লিক অ্যান্টিডিপ্রেসেন্টসের সাথে একত্রে ব্যবহারের সময় সতর্কতা অবলম্বন করতে হবে। বিটা-এগোনিস্টের হৃদ্রোগভীতিপ্রদ প্রভাব প্রতিরোধ করে বলে এবং তীব্র ব্রঙ্কোস্পাজম সৃষ্টি করে বলে, বিটা-ব্লকারের সাথে একত্রে ব্যবহারের সময় সতর্ক থাকতে হবে। অন্য বিটা- এগোনিস্টের সাথে একত্রে ব্যবহারে ইলেক্ট্রোকার্ডিওগ্রাফিক পরিবর্তন বা নন-পটাশিয়াম স্পেয়ারিং ডাইউরেটিকস সংশ্লিষ্ট হাইপোক্যালেমিয়ার অবনতি হতে পারে।
খাবার ও অন্য কিছুর সাথেঃ প্রযোজ্য নয়।

মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে চিকিৎসায় এই কম্বিনেশনটি বন্ধ করে লক্ষণ অনুযায়ী চিকিৎসা দিতে হবে এবং সহায়ক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
কার্ডিওসিলেকটিভ বিটা-ব্লকারগুলোর ব্রঙ্কোস্পাজম সৃষ্টির সম্ভাবনা মাথায় রেখে মাত্রাধিক্যের চিকিৎসায় এটি বিবেচনা করা যেতে পারে। মাত্রাধিক্যের ক্ষেত্রে কার্ডিয়াক পর্যবেক্ষণ নির্দেশিত।

সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠান্ডা (২৫° সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

প্যাকিং

ব্রিয়ন ® এ্যাকুক্যাপ ২৫/৫০ ইনহেলারঃ প্রতি কার্টুনে ৩০ টি এ্যাকুক্যাপ ক্যাপসুল ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
ব্রিয়ন ® এ্যাকুক্যাপ ২৫/১০০ ইনহেলারঃ প্রতি কার্টুনে ৩০ টি এ্যাকুক্যাপ ক্যাপসুল ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
ব্রিয়ন ® এ্যাকুক্যাপ ২৫/২০০ ইনহেলারঃ প্রতি কার্টুনে ৩০ টি এ্যাকুক্যাপ ক্যাপসুল ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ পিএলসি.
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ

030868/A

Aculizer

The simple and effective way to drug inhalation

Before using your Aculizer, please read this part and follow the instructions carefully.

(আপনার এ্যাকুলাইজার ব্যবহারের আগে এই অংশটি পড়ুন এবং সতর্কতার সাথে এই ব্যবহারবিধি অনুসরণ করুন।)

What is Aculizer?
Aculizer is a device that delivers medication to the lungs from a capsule when inhaled. Aculizer is to be used with capsule for dry powder inhalation. This type of our capsule is known as Acucap.

এ্যাকুলাইজার কি?
এ্যাকুলাইজার হল এক ধরনের যন্ত্র যা শ্বাস নেওয়ার মাধ্যমে ক্যাপসুল থেকে ফুসফুসে ওষুধ সরবরাহ করে। ড্রাই পাউডার ইনহেলেশন এর ক্যাপসুল এ্যাকুলাইজারের মাধ্যমে ব্যবহার করা হয়। আমাদের এই ক্যাপসুল এ্যাকুক্যাপ নামে পরিচিত।

HOW TO USE YOUR ACULIZER CORRECTLY

কিভাবে এ্যাকুলাইজার সঠিকভাবে ব্যবহার করবেন

Hold the Aculizer device upright. (Pic-1)

এ্যাকুলাইজার ডিভাইসটি খাড়াভাবে ধরুন। (চিত্র-১)



Remove the cap. (Pic-2)

ক্যাপটি খুলে ফেলুন। (চিত্র-২)

Now remove the mouthpiece. (Pic-3)

এবার মাউথপিসটি খুলে ফেলুন। (চিত্র-৩)

Place the capsule inside the capsule chamber. (Pic-4)

ক্যাপসুলটি ক্যাপসুল চেম্বারে প্রবেশ করান। (চিত্র-৪)

Turn the mouthpiece back to the closed position.

মাউথপিসটি ঘুরিয়ে আগের মত বন্ধ করে দিন।

As shown in the figure, hold the device between the index finger & middle finger and place the push button on top of the thumb. (Pic-5)

এবার চিত্রের মত ডিভাইসটি তর্জনী আর মধ্যমার মাঝে স্থাপন করুন এবং পুশ বাটনটি বৃদ্ধাঙ্গুলের উপর চেপে ধরুন। (চিত্র-৫)

Breon® Acucap must not be swallowed. It should be used with Aculizer.
ব্রিয়ন® এ্যাকুক্যাপ মুখে খাওয়া যাবে না। এ্যাকুলাইজার এর মাধ্যমে নিতে হবে।

Press the push button firmly, once & release it. The two needles inside will puncture the capsule in the chamber & push button will back to its previous position. (Pic-6)

পুশ বাটনটি একবার সজোরে চাপ দিন এবং ছেড়ে দিন। ফলে ভিতরের দুটি সূচ চেম্বারে থাকা ক্যাপসুলটিকে ছিদ্র করে দিবে এবং পুশ বাটনটি আগের অবস্থায় ফিরে আসবে। (চিত্র-৬)

Tilt your head slightly backwards & exhale gently. (Pic-7)

এবার মাথা পেছনের দিকে সামান্য হেলান এবং ধীরে ধীরে শ্বাস ছাড়ুন। (চিত্র-৭)

Now put the mouthpiece in between your lips & inhale deeply. Remember not to cover the air slits around the mouthpiece. The spinning noise ensures proper operation. (Pic-8)

Repeat step eight if the capsule is not evacuated completely.

এখন মাউথপিসটি আপনার দুই ঠোঁটের মধ্যে চেপে ধরুন এবং গভীর ভাবে শ্বাস নিন। লক্ষ্য রাখুন যেন মাউথপিসের এয়ার স্লিটগুলো ঢাকা না পড়ে যায়। ঘূর্ণনরত ক্যাপসুলের শব্দ নিশ্চিত করে যে আপনি এ্যাকুলাইজারটি সঠিকভাবে ব্যবহার করতে পারছেন। (চিত্র-৮)

ক্যাপসুলটি পুরোপুরি খালি না হলে অষ্টম ধাপ পুনরায় করুন।

Remove the device from your mouth & hold your breath for about 5-10 seconds. Then breathe out gently. (Pic-9)

এবার ডিভাইসটি মুখ থেকে বের করুন এবং ৫-১০ সেকেন্ড পর্যন্ত শ্বাস ধরে রাখুন। এরপর ধীরে ধীরে শ্বাস ছাড়ুন। (চিত্র-৯)

After completion of inhalation, remove the empty capsule & put the cap back on the device. After completion of the inhalation rinse your mouth with water but do not swallow.

ব্যবহার শেষে, খালি ক্যাপসুলটি ফেলে দিন এবং ক্যাপটি আবার লাগিয়ে ফেলুন। ব্যবহার শেষে মুখ পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে কিন্তু খেয়ে ফেলা যাবে না।

Cleaning Technique:
পরিষ্কারের পদ্ধতি ঃ

Clean the Aculizer after each dose using the following procedure, after having discarded the empty capsule:

প্রত্যেকবার ব্যবহারের পর খালি ক্যাপসুলটি ফেলে দিয়ে এ্যাকুলাইজারটি নিম্নলিখিত নিয়ম অনুযায়ী পরিষ্কার করুন ঃ

Deeply press the push button a few times whilst keeping the chamber turned upside down.

ক্যাপসুল চেম্বারটিকে উল্টো করে পুশ বাটনটি সজোরে কয়েকবার চাপুন।

Clean the mouthpiece and chamber using a tissue or cotton bud. **Do not use water or other cleaning liquids.**

মাউথপিস এবং চেম্বারটিকে টিস্যু অথবা কটন বাড দিয়ে পরিষ্কার করুন। **পানি অথবা তরল পরিষ্কারক ব্যবহার করবেন না।**